



ঘানায় সামরিক হেলিকপ্টার বিধ্বস্ত: প্রতিরক্ষা ও পরিবেশমন্ত্রীসহ নিহত ৮



সংগৃহীত ছবি

ঘানায় একটি সামরিক হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে প্রতিরক্ষা ও পরিবেশমন্ত্রীসহ আটজন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে রয়েছেন সরকারের উচ্চপদস্থ কয়েকজন কর্মকর্তা ও রাজনৈতিক নেতৃবৃন্দ। রাষ্ট্রপতি জন মাহামা শোক প্রকাশ করে রাষ্ট্রীয় পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ দিয়েছেন।

পশ্চিম আফ্রিকার দেশ ঘানায় একটি সামরিক হেলিকপ্টার দুর্ঘটনায় দেশটির প্রতিরক্ষা ও পরিবেশমন্ত্রীসহ মোট আটজন নিহত হয়েছেন। হেলিকপ্টারটিতে ৩ জন জেু সদস্য এবং ৫ জন যাত্রী ছিলেন বলে জানিয়েছে আলজাজিরা।

বুধবার (৬ আগস্ট) ঘানার রাষ্ট্রপতি জন মাহামার চিফ অফ স্টাফ জুলিয়াস দেবরাহ আনুষ্ঠানিকভাবে এ মর্মান্তিক ঘটনার বিষয়টি নিশ্চিত করেন।

নিহতদের মধ্যে রয়েছেন— প্রতিরক্ষামন্ত্রী এডওয়ার্ড ওমানে বোমাহ, পরিবেশমন্ত্রী ইব্রাহিম মুরতালা মুহাম্মদ, জাতীয় নিরাপত্তার উপ-সমন্বয়কারী ও সাবেক কৃষিমন্ত্রী আলহাজি মোহাম্মদ মুনিরু লিমুনা এবং রাষ্ট্রপতি মাহামার দল এনডিসির ভাইস চেয়ারম্যান স্যামুয়েল সারপং।

ঘানার বিমান বাহিনীর তথ্য অনুযায়ী, হেলিকপ্টারটি রাজধানী আক্রা থেকে ওবুয়াসির উদ্দেশে উড্ডয়নের কিছুক্ষণ পরই রাডার থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। এরপরই দুর্ঘটনাটি ঘটে। রাষ্ট্রপতি জন মাহামা এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন এবং নিহতদের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়েছেন। তিনি একদিনের জন্য তার সব সরকারি কর্মসূচি স্থগিত করেছেন এবং দেশে রাষ্ট্রীয় পতাকা অর্ধনমিত রাখার ঘোষণা দিয়েছেন।